

# Visit of External Affairs Minister to Bangkok, Thailand (August 16-18, 2022) to co-chair the 9th Joint Commission Meeting between India and Thailand

August 18, 2022

ভারত ও থাইল্যান্ডের মধ্যে নবম জয়েন্ট কমিশন বৈঠকে যৌথ পৌরোহিত্য করার জন্য বিদেশমন্ত্রীর ব্যাংকক সফর (অগাষ্ট 16-18, 2022)

অগাষ্ট 18, 2022

বিদেশমন্ত্রী ডঃ এস জয়শংকর, ভারত ও থাইল্যান্ডের মধ্যে নবম জয়েন্ট কমিশন বৈঠকে (জেসিএম) থাইল্যান্ডের বিদেশমন্ত্রী এবং উপ প্রধানমন্ত্রী হিজ এক্সেলেন্সি শ্রীযুক্ত ডন প্রমুদ্বিনাই-এর সাথে যৌথ পৌরোহিত্য করার জন্য 16 থেকে 18 অগাষ্ট 2022-এ ব্যাংককে একটি সরকারি সফর করেছেন।

আন্তরিক এবং সৌহার্দ্যপূর্ণ পরিবেশে জেসিএমটি অনুষ্ঠিত হয়েছে। উভয়মন্ত্রী পারস্পরিক স্বার্থের বিস্তৃত বিষয় নিয়ে আলোচনা করেছেন এবং রাজনৈতিক, প্রতিরক্ষা ও সুরক্ষা, অর্থনৈতিক ও বাণিজ্যিক, যোগাযোগ, সাংস্কৃতিক, পর্যটন এবং জনগণের সাথে জনগণের যোগাযোগ সহ বিভিন্ন ক্ষেত্রে অগ্রগতির পর্যালোচনা করেছেন। মন্ত্রীরা ভারত এবং থাইল্যান্ডের মধ্যে কূটনৈতিক সম্পর্ক স্থাপনের ঐতিহাসিক 75 বছর পূর্তি উদযাপন উপলক্ষ্যে চালু থাকা কার্যক্রমকে স্বাগত জানিয়েছেন। উভয়পক্ষ পারস্পরিক স্বার্থের আঞ্চলিক ও বহুপাক্ষিক বিষয়গুলি নিয়ে মত বিনিময়ও করেছে এবং দুই দেশের মধ্যে বিদ্যমান বহুপাক্ষিক অংশীদারিত্বকে আরও মজবুত করার জন্য তাদের প্রতিশ্রুতি পুনরায় ব্যক্ত করেছে। বৈঠকের পরে একটি যৌথ প্রেস কনফারেন্সে দুই মন্ত্রী তাদের বক্তব্য পেশ করেছেন। জেসিএম-এর আগে 16ই অগাষ্ট 2022 তারিখে একটি উচ্চপদস্থ সরকারি বৈঠক (এসওএম) অনুষ্ঠিত হয়েছে, যেখানে দুই তরফ আঞ্চলিক ও বহুপাক্ষিক বিষয়ের সাথে দ্বিপাক্ষিক সহযোগিতার বিভিন্ন ক্ষেত্র নিয়ে বিস্তারিত করা আলোচনা করেছে।

বিদেশমন্ত্রী থাইল্যান্ডে বসবাসকারী ভারতীয় সম্প্রদায়ের প্রতি বক্তৃতা প্রদান করেছেন এবং তাদের সাথে আলাপচারিতা করেছেন। বিদেশমন্ত্রী তাদের সাথে ভারতের স্বাধীনতার 75 বছর পূর্তি উদযাপন উপলক্ষ্যে বিশেষ অনুষ্ঠান সম্পর্কে কথা বলেছেন যেটির সমাপন হয়েছে ভারত ও থাইল্যান্ডের মধ্যে কূটনৈতিক সম্পর্ক স্থাপনের 75 বছর পূর্তির সাথে। বিদেশমন্ত্রী থাইল্যান্ডের ভারতীয় সম্প্রদায়কে আহ্বান

জানিয়েছেন দুই দেশের মধ্যে সাংস্কৃতিক ও জনগণের সাথে জনগণের আদানপ্রদান সহ অর্থনৈতিক ও বাণিজ্যিক বন্ধনকে দৃঢ় করার জন্য সক্রিয়ভাবে অবদান রাখার জন্য। ভারতীয় অভিবাসীদের সুযোগ প্রদান এবং ভারতের সাথে তাদের সম্পর্ককে আরও ঘনিষ্ঠ করার লক্ষ্যে ভারত সরকারের উদ্যোগগুলির উপরেও তিনি রেখাপাত করেছেন।

বিদেশমন্ত্রী, থাইল্যান্ডের প্রধানমন্ত্রী হিজ এক্সেলেন্সি প্রায়ুত চ্যান-ও চা-এর সাথে সাক্ষাৎ করেছেন এবং প্রধানমন্ত্রী মোদীর তরফ থেকে তার ব্যক্তিগত অভিবাদন ও শুভ কামনা প্রদান করেছেন। বিদেশমন্ত্রী থাই প্রধান মন্ত্রীর কাছে ভারত-থাইল্যান্ড কূটনৈতিক সম্পর্ক স্থাপনের 75 বছর পূর্তি উপলক্ষ্যে ধন্যবাদ জ্ঞাপন করেছেন এবং দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক সহযোগিতার উন্নতির জন্য তার প্রশংসা করেছেন। তারা আঞ্চলিক ও বৈশ্বিক মুখ্য ঘটনাবলী নিয়ে মত বিনিময়ও করেছেন।

বিদেশমন্ত্রী এবং থাইল্যান্ডের পররাষ্ট্র বিষয়ক মন্ত্রী ও উপ প্রধানমন্ত্রী হিজ এক্সেলেন্সি শ্রীযুক্ত ডন প্রমুদ্বিনাই যৌথভাবে নবনির্মিত দূতাবাস আবাসন এবং আবাসিক ভবনের উদ্বোধন করেছেন।

বিদেশমন্ত্রী ব্যংককে মর্যাদাপূর্ণ চুলালংকর্ন বিশ্ববিদ্যালয়ে “ ইন্দো-প্রশান্তমহাসাগরীয় অঞ্চলে ভারতের দৃষ্টিভঙ্গি” -র উপরে একটি প্রকাশ্য জনসভায় বক্তৃতা প্রদান করেছেন। ওই সভায় গবেষক, বিদ্বান, চিন্তন-শিবির এবং ছাত্রছাত্রী সহ ব্যংককের বিদ্বজনেরা উপস্থিত ছিলেন। বক্তৃতার পরে একটি প্রশ্নোত্তর পর্ব ছিল।

বিদেশমন্ত্রীর থাইল্যান্ড সফরকালে, তিনি এবং থাইল্যান্ডের বিদেশমন্ত্রী ও উপ প্রধানমন্ত্রী জেসিএম-এর স্বীকৃত বিবরণীতে সাক্ষর করেন যেটি দ্বিপাক্ষিক সম্পর্কের ভবিষ্যৎ গতিপথকে পরিচালিত করবে। উভয় মন্ত্রী কয়েকটি মৌ চুক্তি সাক্ষরের সাক্ষী ছিলেন, সেগুলি হল, i) ইন্ডিয়ান কাউন্সিল অব মেডিক্যাল রিসার্চ (আইসিএম আর) -এর মধ্যে স্বাস্থ্য ও চিকিৎসা গবেষণা সহযোগিতার উপরে মৌ চুক্তি, ii) ভারতের প্রসার ভারতী এবং থাইল্যান্ডের থাই পাবলিক ব্রডকাস্টিং সার্ভিসের মধ্যে সম্প্রচারণ ক্ষেত্রে সহযোগিতা ও সমন্বয়ের উপরে মৌ চুক্তি।

**নিউ দিল্লি**

**অগাস্ট 18, 2022**

**DISCLAIMER:** This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.